# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**26 AUGUST 2026** **7:45—7:55PM**

---

১) নেপালের আকস্মিক বন্যায় ১শো ৫ জন ভারতীয় নাগরিক সন্ধানহীন । ভারতীয় দূতবাসের জরুরীকালীন নম্বর চালু ।

২) রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী অশোক সিংহলের দু মাসের দিনব্যাপী আই ই সি অভিযানের সূচনা ।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল ভি-ডি-ও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে খেলো ইন্ডিয়া কার্যসূচিতে অংশ গ্রহণ ।

৪) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ ইসলাম ধর্মাবলম্বীদের বিশ্ব নবী হজরত মহম্মদের জন্মদিন ঈদ মিলাদ-উন-নবী উদযাপন ।

এবং

৫) ডক্টর অভিজিৎ স্বামী শিলচর মেডিকেল কলেজের নতুন অধ্যক্ষ নিযুক্ত ।

--------------------------------------------------------------------------------

আজ সকালে নেপালের ভোটকাশী নদীতে আসা আকস্মিক বন্যায় নেপালের ওয়াসোয়া অঞ্চল বিদ্ধস্ত হওয়ার ফলে ১শো ৫ জন ভারতীয় নাগরিক সহ ৩শো ৮৪ জন পর্যটক সন্ধানহীন হয়েছেন । নেপাল পর্যটন পর্ষদের তথ্য অনুসারে পর্যটকদের মধ্যে ৯৩ জন নেপালী নাগরিক রয়েছেন । ভারত ছাড়াও অষ্ট্রেলিয়া , আমেরিকা যুক্তরাষ্ট্র , মলয়েশিয়া , দক্ষিণ আফ্রিকা এবং নেদারল্যান্ডসের নাগরিকরাও রয়েছেন । তবে এই পরিসংখ্যা প্রাথমিক বলে স্পষ্টিকরণ দিয়ে নেপালের বিভিন্ন পর্যটন সংস্থা প্রশাসনীক শাখার সহযোগিতায় খুব শীঘ্রই সঠিক তথ্য প্রদান করবে বলে জানানো হয়েছে । পর্যটন পর্ষদ পর্যটক এবং তাদের পরিবারের জন্য জরুরীকালীন যোগাযোগ নম্বর প্রকাশ করেছে ।

টোল-ফ্রী নম্বর ১২৩৪ , হটলাইন ১১৪৪ এবং পর্যটন পুলিশের নম্বর ৯৮৫১২৮৯৪৪৫-এর মাধ্যমে এই আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্থদের তথ্য সংগ্রহ করা যাবে । পর্যটক তথা তাদের পরিবারবর্গকে যথাসম্ভব সরকারী মাধ্যমের সহযোগিতায় সঠিক তথ্য প্রদান করতে নেপাল পর্যটন পর্ষদের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে । অভূতপূর্ব জরুরীকালীন পরিস্থিতির প্রতি লক্ষ্যে রেখে নেপালের প্রধানমন্ত্রী বালেন্দ্র শাহ ওই দেশের ক্ষতিগ্রস্থ অঞ্চল সমূহের সংসদীয় সদস্যদের সঙ্গে রুদ্ধদ্বার বৈঠকে বসেছেন ।

এদিকে কাঠমান্ডুতে থাকা ভারতীয় দূতাবাস ভারতীয় নাগরিকদের সহায়তার জন্য দুটি জরুরীকালীন ফোন নম্বর চালু করেছে । এই দুটি ফোন নম্বর হচ্ছে ৯৭৭৯৮-৫১৩১৬৮০৭ এবং ৯৭৭৯৭-০৯১০৭৫০০ ।

---

রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের অধীনে এইচ-আই-ভি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে আসামের প্রত্যেকটি জেলায় আজ থেকে ৬০ দিনব্যাপী বিস্তৃত আই-ই-সি অভিযান আরম্ভ করা হয়েছে । স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী অশোক সিংহল আজ ডিব্রুগড়ে এই অভিযানের আনুষ্ঠানিক সূচনা করেছেন । অনুষ্ঠানে সাংসদ যোগেন মোহন , চা জনগোষ্ঠী এবং আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী রামেশ্বর তেলী সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন । এই অভিযানের সূচনা করে মন্ত্রী শ্রী অশোক সিংহল বলেন যে এইচ-আই-ভি সংক্রমণের বিভিন্ন দিক সম্পর্কে সচেতনতা সৃষ্টি তথা এইডস আক্রান্ত লোকের প্রতি বৈষম্য দূর করা , এইচ-আই-ভি এবং এইডস প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ আইন সম্পর্কে জ্ঞান প্রসার , জাতীয় এইডস নিয়ন্ত্রণ কার্যসূচির অধীনের অন্যান্য সেবা ইত্যাদি বিষয়ে জনসাধারণকে অবগত করার জন্য দুমাসব্যাপী এই কার্যসূচি আরম্ভ করা হয়েছে ।

(বাইট )

উল্লেখ্য, রাজ্যের ৩৫টি জেলার ৩ হাজার ৯শোটি গ্রামের ৮০ হাজার পরিবারের ৫ লক্ষ লোককে এই অভিযানের আওতায় আনা হবে । রাজ্যের ৫শোটি বিদ্যালয় , ২শোটি মহাবিদ্যালয় এবং ১শোটি সরকারী চিকিৎসালয়কে অর্ন্তভুক্ত করে এই অভিযান

চালানো হবে । এই অভিযানের সময় স্থানীয় লোক , গাওবুড়া , পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সঙ্গেও পৃথক পৃথক সচেতনতা সভা আয়োজন করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । এছাড়াও বিভিন্ন কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে রেড রিবন ক্লাবের মাধ্যমে এইচ আই ভি এবং যৌন সংক্রমিত রোগ সম্পর্কে সচেতনতা সভা অনুষ্ঠিত হবে । সরকারী চিকিৎসালয়গুলিতে ১শোটি বিশেষ শিবির আয়োজন করে বিনামূল্যে এই রোগের পরীক্ষা , পরামর্শ প্রদান এবং চিকিৎসা প্রদানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ভি-ডি-ও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে খেলো-ইন্ডিয়া কার্যসূচিতে অংশ গ্রহণ করবেন । মেরা-যুব -ভারত কার্যসূচির অধীনে জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষে আয়োজিত এই অনুষ্ঠান সমগ্র দেশে আয়োজন করা হবে । দেশের প্রত্যেকটি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের প্রতিটি জেলার দুটি করে কলেজের ছাত্র-ছাত্রী এই কার্যসূচিতে অংশ গ্রহণ করবে । এর মাধ্যমে ক্রীড়া , যুব নেতৃত্ব , নাগরিক দায়বদ্ধতা , স্বেচ্ছামূলক সেবা , সুস্বাস্থ্য এবং রাষ্ট্র নির্মানের জন্য যুব প্রজন্মকে একটি পৃথক মঞ্চ প্রদানের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । আগামীকালের এই অনুষ্ঠানে খেলাধূলার উপযুক্ত পরিবেশ গড়ে তোলার জন্য দেশের যুব প্রজন্মের দৃষ্টিভঙ্গি এবং ধারণা নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে । ক্রীড়া , অলিম্পিক , যুব নেতৃত্ব , বিকশিত ভারত এবং নেশামুক্ত যুব সমাজ শীর্ষক বিষয় সমূহের ওপর আলোকপাত করে আগামীকাল দেশের বিভিন্ন স্থানে আয়োজিত অনুষ্ঠানে আলোচনা করা হবে ।

খেলো-ইন্ডিয়া কার্যসূচির মূল লক্ষ্য হচ্ছে দেশের যুব নাগরিকদের ক্রীড়া যাত্রার সঙ্গে সংযুক্ত করা এবং তাদের আশা-আকাঙ্খা অনুভব করে যুব প্রজন্মের নেতৃত্বে বিকশিত ভারতের লক্ষ্যকে আরো শক্তিশালী করা ।

---------------------------------------------------------------------------------

ন্যাশনাল টেস্টিং এজেন্সি ( এন টি এ ) এই সপ্তাহে ৮৪টি বিষয়ের ইউ জি সি -নেট , সি-এস-আই-আর -নেট এবং আই-সি-এ-আর , এ আই ই ই এ (পি-জি) এবং এ আই সি ই ( পি-এইচ-ডি) পরীক্ষার চূড়ান্ত উত্তরপত্র ও ফলাফল প্রকাশ করবে । সামাজিক মাধ্যমে প্রকাশ করা এক বার্তায় এন টি এ জানিয়েছে যে ফলাফল

ও চূড়ান্ত উত্তরপত্র সংস্থার অফিসিয়াল ওয়েবসাইটে পাওয়া যাবে । এন টি এ পরীক্ষার্থীদের শুধুমাত্র সংস্থার অফিসিয়াল ওয়েবসাইটের ওপর দৃষ্টি রাখার আহ্বান জানিয়েছে ।

--------------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ চিরাচরিত ধর্মীয় উৎসাহ উদ্দীপনায় ঈদ-এ-মিলাদ-উন-নবী উদযাপিত হচ্ছে । ইসলাম ধর্মের শেষ নবী হজরত মহম্মদের জন্মদিনকে স্মরণ করে প্রতি বছর এই দিনে ইসলাম ধর্মাবলম্বীরা সাড়ম্বরে উৎসব পালন করেন । আজ দেশের স্থানে স্থানে এই উপলক্ষে বিশেষ প্রার্থনার মাধ্যমে হজরত মহম্মদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়েছে । আজকের এই বিশেষ দিনে খাদ্য ও দান সামগ্রীও বিতরণ করা হয়েছে ।

ইসলামি ক্যালেন্ডার অনুসারে রবিউল-আওয়াল মাসের ১২ তারিখে নবী মহম্মদ মক্কায় জন্ম গ্রহণ করেছিলেন । গ্রেগরিয়ান ক্যালেন্ডার অনুসারে ৫৭০ খ্রীস্টাব্দে তাঁর জন্ম হয় । সেই উপলক্ষে প্রতি বছর আজকের দিনে এই নবী দিবস পালন করা হয় ।

ঈদ-এ-মিলাদ-উন-নবী উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । এই উৎসব উপলক্ষে রাষ্ট্রপতি বলেছেন যে- মহানবী হজরত মহম্মদের বাণী ও শিক্ষা আমাদের পবিত্র আচরণ ও কর্তব্য নিষ্ঠার পথে চলতে অনুপ্রাণিত করে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও এই উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী আশা প্রকাশ করে বলেছেন যে- এই উৎসব সমগ্র বিশ্বে আনন্দ বয়ে নিয়ে আসবে ।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলায়ও হজরত মোহম্মদের জন্ম দিন ঈদে মিলাদুন্নবী বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে পালিত হয়েছে । কাছাড় জেলা জুলুসে মোহম্মদী কমিটির উদ্যোগে আজ শিলচর সোনাই রোড থেকে একটি শোভাযাত্রা রওয়ানা হয়ে সোনাই-তে গিয়ে শেষ হয় ।

শোভাযাত্রায় শান্তি, সম্প্রীতি এবং ভাতৃত্ববোধের বার্তা ছড়িয়ে দিয়ে ইসলামিক নাত-এ ও গজল পরিবেশিত হয়েছে ।

---------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আজ উৎসাহ উদ্দীপনায় এই দিবস পালন করা হয়েছে । জেলার বিভিন্ন প্রান্তে এই উপলক্ষে মসজিদ, মাদ্রাসা ও ধর্মীয় প্রতিষ্ঠানে সকাল থেকেই ধর্মপ্রাণ মুসলমানরা পবিত্র কোর-আন তেলাওয়াত, মিলাদ মহফিল, নাত-এ-রসুল এবং ধর্মীয় আলোচনা সভার মাধ্যমে নবী হজরত মহম্মদের জীবন, কর্মরাজি ও আদর্শের বিভিন্ন দিক তুলে ধরা হয় । তাঁর জীবন থেকে মানবতা, শান্তি, সহনশীলতা, দয়া, ক্ষমা, ভ্রাতৃত্ব ও পারস্পরিক সম্প্রীতির শিক্ষা গ্রহণের আহ্বান জানানো হয় । একইসঙ্গে সমাজে শান্তি ও সৌহার্দ্য বজায় রাখার পাশাপাশি অসহায় মানুষের পাশে দাঁড়ানোর বার্তাও দেওয়া হয়েছে ।

হাইলাকান্দি জেলায়ও আজ যথাযোগ্য মর্যাদায় ঈদ-এ-মিলাদ-উন-নবী উদযাপিত হয়েছে । জেলার বিভিন্ন প্রান্তে আজ এই উপলক্ষে বিশেষ প্রার্থনা সভা, খাদ্য বিতরণ, মিলা মহফিল ইত্যাদির আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

শিলচর মেডিকেল ও হাসপাতালের নতুন অধ্যক্ষ হিসেবে ডক্টর অভিজিৎ স্বামীকে নিযুক্তি দেওয়া হয়েছে ।

আসাম সরকারের চিকিৎসা শিক্ষা এবং গবেষণা বিভাগের আয়ুক্ত  সচিব ডক্টর সিদ্ধার্থ সিং এক বিজ্ঞপ্তিতে  ডক্টর  স্বামীকে নতুন অধ্যক্ষ এবং ভারপ্রাপ্ত চিফ সুপারেনটেন্ড পদে নিযূক্তি দিয়েছেন  । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে এই আদেশ তাৎক্ষণিকভাবে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্য্যন্ত ডক্টর অভিজিৎ স্বামী শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের অধ্যক্ষ এবং ভারপ্রাপ্ত চিফ সুপারিটেনডেন্ট পদে দায়িত্ব পালন করবেন । উল্লেখ্য ডক্টর স্বামী ডক্টর ভাস্কর গুপ্তের স্থালাভিষিক্ত হয়েছেন ।

---

সমাজ, দেশ ও সময়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়কে যুব প্রজন্মের ভাষ্যে তুলে ধরতে এবং যুক্তিসঙ্গত চিন্তা ও মতামত প্রকাশের দক্ষতা বিকাশের লক্ষ্যে শিলচরে আজ রামানুজ গুপ্ত ডিগ্রি কলেজের উদ্যোগে যুব সংসদ-২.০ এর আয়োজন করা হয়েছে । ওই কলেজের রাজনীতি বিজ্ঞান বিভাগের উদ্যোগে এবং ইংরেজি ও গণজ্ঞাপন বিভাগের সহযোগিতায় আজ শিলচরের ডি আর জি ড্রিম স্কুলে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । 'লেট ইয়োর ভয়েস শেপ টুমরো' এই ভাবনাকে সামনে রেখে এই যুব সংসদে ছাত্রছাত্রীরা বিভিন্ন সমসাময়িক ও ব্যবহারিক বিষয়ে নিজেদের মতামত তুলে ধরে । এতে বিচারক হিসেবে উপস্থিত ছিলেন আসাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ মোজেশ খারপতি, সংশ্লিষ্ট কলেজের অধ্যাপক নারায়ণ চন্দ্র মজুমদার, অধ্যাপক ডঃসন্তোষ রঞ্জন চক্রবর্তী ও সাংবাদিক প্রণবানন্দ দাস । যুব প্রজন্মের মধ্যে নেতৃত্ব দেবার গুণ বিকশিত করা, তাদের মধ্যে গণতান্ত্রিক মূল্যবোধ ও যুক্তিসঙ্গত চিন্তাধারার পাশাপাশি সমসাময়িক বিষয় সমূহের প্রতি সচেতনতা গড়ে তোলার লক্ষ্যে এই যুব সংসদের আয়োজন করা হয়েছে বলে আয়োজনকদের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---

লামডিং - বদরপুর সেকশনের নিউ হারাঙ্গাজাও ষ্টেশনের পার্শবর্তী রেলওয়ে ট্রেক নম্বর এক এবং দুই-এর মেরামতী কাজ এখনও অব্যাহত থাকায় যাত্রী সুরক্ষার কথা বিবেচনা করে ওই রুটে চলাচলকারী গৌহাটি - শিলচর এক্সপ্রেস ট্রেনটির যাত্রা পুনারায় আগামীকাল এবং  শিলচর - গৌহাটি এক্সপ্রেস ট্রেনটির যাত্রা আগামী শুক্রবারের জন্য বাতিল করা হয়েছে ।

এছাড়াও , নারাঙ্গী - আগারতলা ,আগরতলা - ফিরোজপুর এবং শিলচর - তিরুওয়ানন্তপুরাম সেন্ট্রাল এই ৩টি এক্সপ্রেস ট্রেনের আজকের যাত্রার সময়সূচির কিছুটা পরিবর্তন করা হয়েছে , অন্যদিকে এস-এম-ভি-টি বেঙ্গালুরু - আগরতলা এক্সপ্রেস ট্রেটির যাত্রা নিয়ন্ত্রণ করা হয়েছে  বলে উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কাপিঞ্জাল কিশোর শর্মা এক প্রেসবার্তায় জানিয়েছেন ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে এবং সুরমা ফাউন্ডেশনের সহযোগীতায় গতকাল বিশ্ববিদ্যালয়ে উত্তর-পূর্ব ভারতের সীমান্ত ও সীমানার প্রয়োগ : প্রতিবন্ধকতা ও সুযোগ শীর্ষক বিষয়ের উপর একটি সম্মেলন অনুষ্টিত হয়েছে । সম্মেলনে উত্তর-পূর্ব ভারতের স্বল্প পরিচিত ইতিহাসগুলোকে নথিভুক্ত করার এবং এর জটিল সীমান্ত ও পরিচয় সম্পর্কে প্রাতিষ্টানিক বোঝাপড়া গভীর করার প্রয়োজনীয়তার উপর জোর দেওয়া হয়েছে । সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক রাজীব মোহন পন্থ , মেজর জেনারেল কুলবীর সিং প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------